



# বাংলাদেশ মানবাধিকার সমন্বয় পরিষদ-বামাসপ

(Coordinating Council for Human Rights in Bangladesh-CCHRB)

Founded by Rev Father R W Timm, CSC in 1986

সূত্রঃ বামাসপ/পরি/প্রেস/২৪(৮)

তারিখঃ ০৪ অগাস্ট, ২০২৪ ইং

## প্রেস নোট

### সংঘাত প্রশমনে জাতীয় ঐক্য প্রয়োজন-বামাসপ

ছাত্রদের অরাজনৈতিক আন্দোলন ও কর্মসূচী পালনকে কেন্দ্র করে ব্যাপক প্রাণহানী, রাষ্ট্রীয় সম্পদের ক্ষয়-ক্ষতি, সহিংসতা ও মানবাধিকার লঙ্ঘনের ঘটনায় বাংলাদেশ মানবাধিকার সমন্বয় পরিষদ-বামাসপ গভীরভাবে উদ্বেগ ও শঙ্কিত এবং স্বজন হারাদের প্রতি জানাচ্ছি গভীর সমবেদনা। পরমতের প্রতি শ্রদ্ধাশীলতা, বাক স্বাধীনতা, মানবাধিকার সুরক্ষা ও শান্তিপূর্ণ সহাবস্থান গণতান্ত্রিক সমাজের প্রধানতম বৈশিষ্ট্য ও সৌন্দর্য। অপ্রত্যাশিত প্রাণহানীর বিশ্বাস যোগ্য তদন্তের ভিত্তিতে দায়ীদের বিচারের আওতায় আনতে তড়িৎ ব্যবস্থা নিতে হবে এবং একইসঙ্গে একটি টেকসই ন্যায় সমাজ বিনির্মাণে সংলাপপূর্বক জাতীয় ঐক্যমতের ভিত্তিতে সর্বাবস্থায় দেশে শান্তিপূর্ণ গণতান্ত্রিক সমাজ ও ন্যায়বিচার প্রতিষ্ঠিত থাকবে বামাসপ এটাই প্রত্যাশা করে। বাংলাদেশ মানবাধিকার সমন্বয় পরিষদ-বামাসপ বাংলাদেশে কর্মরত তিনশতাধিক জাতীয় ও স্থানীয় বেসরকারী সংস্থার সমন্বয়ে গঠিত একটি নিবন্ধিত মানবাধিকার নেটওয়ার্কিং জোট।

সকলের সহযোগে মানবাধিকার ও শান্তিপূর্ণ ন্যায় সমাজ প্রতিষ্ঠিত হোক।

এডভোকেট মুহাম্মদ সামছুদ্দিন

পরিচালক

০১৭১৮৪২১২০৩

প্রতি

সম্মানিত সম্পাদক/বার্তা সম্পাদক

আপনাদের প্রশংসিত গণমাধ্যমে প্রকাশ ও প্রচারের অনুরোধসহ প্রেসনোটটি প্রেরণ করা হল।